



Office of the Director of Accounts

Administrative Building , University of Dhaka
Dhaka-1000, Bangladesh.

Phone : 55167721

IP Pabx : 88-09666911463, Ex-4163/4171

Pabx : 880-2-9661900 Ex-4163/4171, Fax : 880-2-9667222

E-mail : dhakauniversity.acc.bd@gmail.com

Website : <http://www.du.ac.bd>

হিসাব পরিচালকের অফিস
প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফোন : ৫৫১৬৭৭২১

আইপি পিএবিএক্স : ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩, এক্স-৪১৬৩/৪১৭১

পিএবিএক্স : ৮৮০-২-৯৬৬১৯০০, এক্স-৪১৬৩/৪১৭১

No: ২৩২০ /DA/DU

Date : ২৪ জ্যৈষ্ঠ ১৪২৮
07 Jun 2021

বিজ্ঞপ্তি

সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও সকল ৩য় শ্রেণি কর্মচারীদের স্বাস্থ্যবীমা প্রসঙ্গে

এতদ্বারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা ও সকল ৩য় শ্রেণি কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর স্বাস্থ্যবীমা প্রকল্পের মেয়াদ আগামী ৩০ জুন ২০২১ তারিখে শেষ হয়ে যাবে। আগামী বছরের (২০২১-২০২২) জন্য নতুন স্বাস্থ্যবীমা প্রকল্প গ্রহণের কার্যক্রম চলছে। নতুন কোনো বীমা প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করার পর নতুন করে বিজ্ঞপ্তির মাধ্যমে সার্বিক বিষয় আপনাদেরকে অবহিত করানো হবে।

যেহেতু ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড-এর সাথে চুক্তির মেয়াদ শেষ হয়ে যাবে সেহেতু হাসপাতালে চিকিৎসা সেবা গ্রহণের বিল ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব পরিচালকের দপ্তরের স্বাস্থ্যবীমা শাখায় জমা দিতে হবে। ৩০ জুন ২০২১ তারিখের পরে বর্তমান চুক্তির আওতার স্বাস্থ্যবীমার সেবা ও কোনো আর্থিক সুবিধা পাওয়া যাবে না। বর্তমান চুক্তির আওতায় স্বাস্থ্যবীমার আর্থিক সুবিধা পেতে হলে ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে চিকিৎসা সেবা গ্রহণ শেষ করতে হবে।

উপ-হিসাব পরিচালক (স্বাস্থ্যবীমা)
ঢাকা বিশ্ববিদ্যালয়